

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ৫৬৮. ২০১৫-২৭৫

তারিখ: ১৯/০১/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-১১৮৮২/২০১৫ মামলায় গত ২৩-১১-২০১৫খ্রিঃ তারিখের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে উচ্চ আদালতে আপীল দায়েরসহ স্থগিতাদেশ ভ্যাকেটকরণ সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের ইউপি-২ শাখার গত ১৫-১২-২০১৫খ্রিঃ তারিখের ৬৮৩ সংখ্যক আক।

সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলাধীন জয়শ্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মহসিন আহমেদকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৮৮২/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে বরখাস্ত আদেশের উপর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২৩-১১-২০১৫খ্রিঃ তারিখে স্থগিতাদেশ প্রদান করা হয়। উক্ত আদেশের সার্টিফাইড কপি প্রেরণকরতঃ উচ্চ আদালতে লীড-টু-আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত আককে আইন অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারি মার্গ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের সার্টিফাইড কপি এতদসঙ্গে প্রেরণকরতঃ সরকার পক্ষে উচ্চ আদালতে লীড-টু-আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকেটকরণ, মামলার দফাওয়ারী জবাব দাখিলের মাধ্যমে মামলাটি নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
১৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

ব্যারিষ্টার কাজী মইনুল হাসান
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সিনিয়র সহকারী সচিব (ইউপি-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।